# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের জুলাই/২০২৫ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ খাইরুল ইসলাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ৩১/০৭/২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন

উপজেলা নির্বাহী অফিসার গত ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনায় আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar.thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হর।<br>(খ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: প্রতিটি অফিস আদালতে শুদ্ধাচার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) ইনোভেশন সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করেন। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা আইসিটি অফিসার<br>৩।চেয়ারম্যান (সকল) |
| ০২ | স্বাস্থ্য ও প.প. বিভাগ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান জুলাই/২৫ ইপিআই কর্মসূচী, কমিউনিটি ক্লিনিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্র সমূহ পরিদর্শন ও স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয়ে প্রতি মঙ্গলবার নিয়মিত প্রতিবন্ধী সনাক্তকরন সভা অনুষ্ঠিত। টিসিভি ক্যাম্পেইন-২০২৫ পালন এর লক্ষ্যে ৩০-৩১ জুলাই স্বাস্থ্য কর্মীদের ১ম ব্যাচ প্রশিক্ষণ অনুষ্ঠিত। চন্ডীপুর সিসির সীমানা প্রাচীর নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জগন্নাথপুর ইউনিয়নের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ।সদর উপজেলায় সাপে কাটা রোগী ও কুকুরের কামড়ের ভ্যাকসিন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঠাকুরগাঁও এ সর্বদা নিশ্চিতকরণ নিমিত্ত তত্তাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঠাকুরগাঁও ও সিভিল সার্জান, ঠাকুরগাঁও মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর:<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল হতে গৃহীত পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে প্রকল্পসমূহ ইতোমধ্যে বাস্তবায়ন ১০০% সম্পন্ন হয়েছে।<br>১। VRRP প্রকল্পের আওতায় ৮টি রাস্তা চলমান ও ৪টি রাস্তা প্রক্রিয়াধীন।<br>২। এলজিইডি কর্তৃক ০২টি রাস্তার বৃক্ষরোপন কাজ সমাপ্ত হয়েছে :<br>(ক) আকচা ইউপি হতে চেরাডাঙ্গী রাস্তা। (খ) ঠাকুরগাঁও হতে ফাড়াবাড়ী রাস্তা।<br>৩। অত্র উপজেলায় উপজেলা পরিষদের সেনুয়া কোয়াটার বাসাবাড়ি গুরুত্বপূর্ণ কিছু কাজ রয়েছে যা জরুরী মেরামত প্রয়োজন। তাই তিনি উপজেলা পরিষদের সেনুয়া কোয়াটার বাসাবাড়ি মেরামতের কাজ করার জন্য উপজেলা সভায় প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌশলী জানান যে, ইতোমধ্যে সেনুয়া | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | কোয়াটারটি পরিদর্শন করা হয়েছে। কোয়াটারটিতে টুকিটাকি মেরামত করতে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। সভায় বিস্তারিত আলোচান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ (বাসাবাড়ী মেরামত) খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, ১টি পিআইসি গ্রহণ পূর্বক বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রকল্প: উপজেলা পরিষদের সেনুয়া কোয়াটার বাসাবাড়ি মেরামত ও সংরক্ষণ রং করণ। প্রকল্প বাস্তবায়নপিআইসি:বরাদ্দের পরিমান-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :<br>১. উপজেলা সমাজসেবা অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সভাপতি<br>২. উপজেলা প্রথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৩. উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৪. ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৫. সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য | উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত ও সংরক্ষন রং করণ, প্রকল্প বাস্তবায়ন পিআইসি কমিটির মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কাজ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিস<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান জুলাই/২৫ অর্থ বছরের উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন প্রক্কালিত অর্থের পরিমান ৩০১২০০/-, অগ্রগতি ও উপকারভোগী কৃষককে দেয়া হয়েছে। (ক) কৃষি প্রণোদনা ও পুনর্বাসন প্রক্কালিত অর্থের পরিমান- ২৬৫২০০/- উপকারভোগী কৃষক ২৩০ জন কে প্রদান করা হয়েছে (খ) অনাবাদি পতিত জমি ও বসত বাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প অর্থ ৩৬০০০/- উপকারভোগী কৃষক ০৬ জন কে প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি বলেন জুলাই/২৫ কেন্দ্রিক অনুষ্ঠান (ছবি অংকন,স্মৃতি চারণ,দোয়া মাহফিল) প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসরের প্রতিনিধি সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। (ক) আগামী মাসের স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কাজের তারিখ নির্ধারন। (খ) তারুন্যের উৎসব উপলক্ষ্যে উঠান বৈঠক, স্বাস্থ্যশিক্ষা, কিশোরী সমাবেশ, দম্পতি সমাবেশ নিশ্চিতকরন (গ) আশ্রয়ন/আবাসন প্রকল্প এলাকায় পরিবার পরিকল্পনা সেবা দান নিশ্চিতকরন (ঘ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে পঃ পঃ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, কিশোরী সেবা ও পরামর্শ নিশ্চিতকরন (ঙ) ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা সম্পর্কিত কমিটি মিটিং জোরদারকরণ (চ) মা ও শিশু কল্যাণ কেন্দ্রে পঃ পঃ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, কিশোরী সেবা সহ ডেলিভারী ও সিজার সেবা প্রদান (ছ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী সেবা প্রদান কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান বুঁড়ির বাঁধ, টাংগন ব্যারেজ, কুমারপুর বাধপাড়ায় পানি উন্নয়ন বোর্ডের জলাশয়ে স্লুইস গেট বন্ধ থাকার কারণে পানি বৃদ্ধি পেয়েছে। বুঁড়ির বাঁধ অভয়াশ্রমের আশেপাশে রিং/চায়না দুয়ারী জালের ব্যবহার বৃদ্ধি পেয়েছে, অন্যান্য জলাশয়েও রিং/চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধ করতে প্রতিনিয়ত মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করা প্রয়োজন। এই চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধ করতে পারলেই এলাকার জনগনের প্রোটিনের চাহিদা পূরণে ব্যাপক ভূমিকা রাখবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৯ | প্রাণী সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান জুলাই/২০২৫ মাসের কার্যক্রম এর ক্ষুদ্র ঋণ, দগ্ধ ও শারিরীক প্রতিবন্ধী ঋণ, পল্লী মাতৃকেন্দ্র (RMC), আদায় সহ বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, দলিত হরিজন ভাতা, হিজরা ভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি, রোগী কল্যাণ সমিতির রোগীকে চিকিৎসা সহায়তা প্রদান ও ক্যান্সার, কিডনী,লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা বাবদ অর্থ প্রদানসহ অন্যান্য বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে তা প্রতিটি ইউনিয়নে বিভাজন করে দেয়া হবে এবং সেই মোতাবেক কার্যক্রম গ্রহণ হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | খাদ্য বিভাগ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান জুলাই/২৫ মাসের বাস্তবায়িত খাদ্য বান্ধব চাল ৮১৫.৪০০ মে.টন ২৭,১৮০ জনকে প্রদান করা হয়েছে, ওএমএস চাল ১২০.০০০ মে.টন, আটা ১২০.০০০ মে.টন ৪,০০০ জন কে প্রদান করা হয়েছে, টিসিবি চাল ১৩৮.০১০ মে.টন ২৭,৬০২ জন ও ভিডাবলুবি চাল ৭৬.৪০০ মে.টন ২,৫৭৮ জন উপকারভোগীর কে প্রদান করা হয়েছে ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | |
|---|---|---|---|
| ১২ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান বর্তমানে এইচএসসি/সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান জুলাই বিপ্লবের চেতনামূলক বিভিন্ন অনুষ্ঠান মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলমান রয়েছে। এছাড়া মাউশি কর্তৃক PBGSI- এর আওতায় ৪০ জন শিক্ষার্থীদের মাঝে ২৫০০০/- ও ১০০০০/- বৃত্তি প্রদান করা হয়েছে এবং শ্রেষ্ঠ বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। সেই সাথে অত্র উপজেলার ০২টি শিক্ষা প্রতিষ্ঠানকে ৫০০০০০/- টাকা করে অনুদান প্রদান করা হয়েছে এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হিসাব তহবিলে জমা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৩ | পরিসংখ্যান অফিস :<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অফিসের জুলাই/২৫ মাসের দাপ্তরিক কৃষি ক্যালেন্ডার রিপোর্ট এর পাশাপাশি ২২টি ইউনিয়নের দাগগুচ্ছের অন্তর্গত কৃষক তালিকা হালনাগাদ করণ কার্যক্রম সম্পাদন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | সমবায় অফিস :<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান জুলাই/২৫ মাসের তার কার্যালয়ের অধীনে ০৬ (ছয়) টি কেন্দ্রীয় সমবায় সমিতি লি: এবং ২৮৯ (দুইশত উননব্বই) টি প্রাথমিক সমবায় সমিতি লি। নিবন্ধিত রয়েছে। নিবন্ধিত সমবায় সমিতি সমূহের নিয়মিত অডিট, নির্বাচন, বার্ষিক সাধারণ সভা ছাড়াও সমিতিগুলোকে তদারকীপূর্বক টেকসই সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার কার্যালয়ের তুলে ধরা হলো বাস্তবায়িত চলমান বিভিন্ন কর্মসূচী/প্রকল্প/কার্যক্রমের তথ্য কার্যপত্রের বরাদ্দ (ক) ভালনারেবল ইউমেন বেনিফিট (ভিডব্লিউবি) জুলাই/২৫ বরাদ্দ ৭৬.৪৪০ মে.টন ১২৪৮ জন উপকারভোগী। (খ) মা ও শিশু সহায়তা কর্মসূচি (ইউনিয়ন পর্যায়ে) ৮০০ টাকা হারে জন প্রতিমাস ১,৭৬,০০০/- টাকা ২২০ জন উপকারভোগী। (গ) মা ও শিশু সহায়তা কর্মসূচি পৌরসভা পর্যায়ে) ৮০০ টাকা হারে জন প্রতিমাস ১,৩৪,০০০/- টাকা ৮৪ জন উপকারভোগী। (ঘ) জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রতিদিন ১০০/- টাকা হারে যাতায়াত ভাড়া বাবদ ১,৮৯,০০০/- ৯০ জন উপকারভোগী ৩ মাস মেয়াদ কোর্স চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | যুব উন্নয়ন অফিসার<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | নির্বাচন বিভাগ:<br>উপজেলা নির্বাচন অফিসারের প্রতিনিধি সভায় তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তাঁর দপ্তরের আওতায় জাতীয় পরিচয় পত্র বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী সংসদ নির্বাচনের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন যে সীমানা নির্ধারণী পত্র প্রদান করেছেন। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক সীমানা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | বন বিভাগ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান মাননীয় জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় অত্র জেলার পরিবেশের উন্নয়ন, সবুজায়ন ও দৃষ্টিনন্দন করার লক্ষ্যে ১০ লক্ষ বৃক্ষ রোপনের যুগান্তকারীর কর্মসূচি গ্রহণ করেছেন, এজন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়কে বন বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জানান। বৃক্ষ রোপন কর্মসূচির ধারাবাহিকতায় সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর তত্ত্বাবধানে অত্র উপজেলায় ২২টি ইউনিয়নকে সবুজায়ন ও ফুলে ফলে দৃষ্টিনন্দন করার লক্ষ্যে গত ২৬/০৭/২০২৫ তারিখে প্রতি ইউনিয়নে ১(এক) কিলোমিটার রাস্তায় বৃক্ষ রোপন করা হয়েছে। এই রোপিত বৃক্ষকে সংরক্ষণের জন্য সকল চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং চারাগুলো সংরক্ষনের জন্য অনুরোধ জানানো হয়। তিনি আরও জানান ঠাকুরগাঁও সদর উপজেলার ১৪নং রাজাগাঁও ইউনিয়ন পরিষদের পানি উন্নয়ন বোর্ডের সেচ ক্যানেলের উভয় পার্শ্বে উত্তর আসাননগর থেকে দক্ষিণ আসানগর পর্যন্ত স্থানীয় যুব সমাজের সহযোগিতায় অংশিদারিত্বমূলক সামাজিক বনায়ন হিসেবে ১০(দশ হাজার)টি চারা রোপন করা হয়েছে। এই সামাজিক বনায়ন বাগানের চারা সংরক্ষণের জন্য রাজাগাঁও ইউপি'র চেয়ারম্যানের সহযোগিতা একান্ত কামনা করেন। তিনি আরও জানান চলতি বর্ষাকালে সমন্বিতভাবে আমরা প্রতি দপ্তরে চারা লাগাবো এবং সংরক্ষনের সু-ব্যবস্থা করলেই ঠাকুরগাঁও সদর উপজেলা প্রকৃত সবুজায়ন দৃষ্টিনন্দন এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় এক যুগান্তকারী ভূমিকা লাভ করবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এই সবুজায়নে এতদঞ্চলে দীর্ঘদিন পরিবেশ প্রতিবেশ রক্ষায় অনুকরণীয় হয়ে থাকবে। | দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সদর, ঠাকুরগাঁও এর মডেল ভবন নির্মানের উদ্দেশ্যে উপজেলা পরিষদ কর্তৃক প্রদানকৃত ১৫ শতাংশ জমির সয়েল টেস্ট করা হয়। আলোচ্য দুই মাসে আনসার ও ভিডিপি, ঠাকুরগাঁও সদর উপজেলায় কোন প্রশিক্ষণ কার্যক্রম ছিলোনা। ঠাকুরগাঁও জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে ২৮ দিন মেয়াদি ভিডিপি অ্যাডভান্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় সেখানে সদর উপজেলা হতে ১৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অত্র ঠাকুরগাঁও সদর কার্যালয়ের অধীনে ০৬ (ছয়) টি কেন্দ্রীয় সমবায় সমিতি লি: এবং ২৮৯ (দুইশত উননব্বই) টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ নিবন্ধিত রয়েছে। নিবন্ধিত সমবায় সমিতি সমূহের নিয়মিত অডিট, নির্বাচন, বার্ষিক সাধারণ সভা ছাড়াও সমিতিগুলোকে তদারকীপূর্বক টেকসই সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩ | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে গ্রামপুলিশগণকে কাজে লাগানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, সকল ইউপি। |
| ২৪ | বিবিধ:<br>ক) প্যানেল চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কিছু জব্দকৃত গাছের লগ পড়ে রয়েছে। গাছগুলো বৃষ্টির পানিতে প্রায় এক তৃতীয়াংশ নষ্ট হয়ে যাচ্ছে। গাছগুলো জরুরী ভিত্তিতে নিলামে অপসারণ করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনবিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি সভায় জানান যে, সরকারিভাবে গত ২৬/০৭/২০২৫ তারিখে অত্র উপজেলায় ২২টি ইউনিয়নের প্রায় ১৫(পনের হাজার) গাছের চারা রোপন করা হয়েছে। এই রোপিত গাছগুলো রক্ষণাবেক্ষণ করা আমাদের সকলের দায়িত্ব। বিশেষ করে প্রতিটি গাছে একটি করে বাঁশের খুটি দিতে হবে এবং গাছগুলো যেন কোনক্রমে ক্ষতিগ্রস্থ না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য বনবিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, ১২ নং সালন্দর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের জুলাই/২৫ মাসের ১০ টি ভাতা বরাদ্দ পাওয়া গিয়েছে। গরিব ও দুস্থ অসহায়দের নিকট হতে আবেদনের প্রেক্ষিতে যাচাই করে ভাতা প্রদান করা হয়েছে। | | |

৩। **উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :**

**ব্যয় :** আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৭৬ | ১৩/০৭/২০২৫ | ১৫০০০.০০ |
| ০২ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৮৮ | ১৩/০৭/২০২৫ | ১৫০০০.০০ |
| ০৩ | জনাব মোঃ নজরুল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৭৭ | ১৩/০৭/২০২৫ | ১৪০০০.০০ |
| ০৪ | জনাব মোঃ জাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৭৮ | ১৩/০৭/২০২৫ | ১৪০০০.০০ |
| ০৫ | জনাব মোঃ আলিউল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৭৯ | ১৩/০৭/২০২৫ | ১৪০০০.০০ |
| ০৬ | জনাব মোঃ ইসমাইল হোসেন, কেয়ারটেকার, বলাকা উদ্যান, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৮০ | ১৩/০৭/২০২৫ | ১৪০০০.০০ |
| ০৭ | জনাব মোঃ আলমগীর হোসেন, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান (অনুমোদিত)। | ০১৫৬৭৮১ | ১৩/০৭/২০২৫ | ১৪০০০.০০ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৫. ১২০৪ তারিখ : ৩১/০৭/২০২৫ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-**

১। **সচিব**, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। **বিভাগীয় কমিশনার**, রংপুর বিভাগ, রংপুর।
৩। **পরিচালক**, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। **জেলা প্রশাসক**, ঠাকুরগাঁও।
৫। **উপ-পরিচালক**, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। **প্রশাসক**, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ---------------------

31.07.25

(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল-০১৭০৭৪৪৯০৯০